

বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা

২১ মার্চ ২০২২

বাংলাদেশ সরকার সর্ব প্রথম ১৯৮৫ সালে অষ্ট্রেলিয়ার ক্যানবেরাতে বাংলাদেশ হাইকমিশনের স্থায়ী কার্যালয় নির্মাণের জন্য ৭৯৬০ বর্গ মিটার আয়তনের একটি জমি অষ্ট্রেলিয়ার কর্তৃপক্ষের নিকট হতে ৯৯ বছরের জন্য বরাদ্দ নেয়। পরবর্তীতে ২০০৪ সালে তৎকালীন সরকারের ব্যয় সংকোচন নীতির আলোকে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এ জমিটি অষ্ট্রেলিয়ার কর্তৃপক্ষকে ফেরৎ দেয়া হয়।

অতঃপর ২০০৯ সালে বর্তমান সরকার ক্ষমতায় আসার পর সেই একই জমি পুনরায় বরাদ্দ নেয়ার সিদ্ধান্ত নেয়। ইতোমধ্যে প্রায় ৩০০০ বর্গমিটার জায়গা অন্য দূতাবাসের কাছে বরাদ্দ দেয়ায় অষ্ট্রেলিয়ার কর্তৃপক্ষ কর্তৃক ৪,৯৬৫ বর্গ মিটার জমি বরাদ্দ দেয়া সম্ভব বলে জানানো হয়। অতঃপর বাংলাদেশ সরকার নির্ধারিত মূল্য পরিশোধ পূর্বক ২০১৫ সালে ৪,৯৬৫ বর্গ মিটার জমি পুনরায় বরাদ্দ নেয়। পরবর্তীতে আন্তঃমন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে গঠিত দুটি সরকারি প্রতিনিধিদল ত্রয়কৃত জমি এবং ক্যানবেরায় অবস্থিত অন্যান্য দূতাবাসসমূহ পরিদর্শন করে বাংলাদেশের নিজস্ব জমিতে হাইকমিশনের চ্যান্সারি ভবন (স্থায়ী কার্যালয়) নির্মাণের প্রস্তাব চূড়ান্ত করে।

২০২১ সালের জুলাই মাসে এই জমিতে বাংলাদেশ হাইকমিশনের স্থায়ী কার্যালয় নির্মাণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে একনেক কর্তৃক প্রস্তাব অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রস্তাব অনুযায়ী হাইকমিশন কর্তৃক এই প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত গত ০২ অক্টোবর ২০২১ তারিখে Expression of Interest এর বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে, যা হাইকমিশনের ওয়েবসাইটে বর্ণিত আছে। দাখিলকৃত Expression of Interest সমূহ বর্তমানে মূল্যায়নের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের পর চ্যান্সারি ভবনের নকশা চূড়ান্ত করা হবে এবং সেই অনুযায়ী অষ্ট্রেলিয়ার স্থানীয় বিধি-বিধান অনুসরণপূর্বক এর নির্মাণ কাজ শুরু করা হবে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন “অষ্ট্রেলিয়ার ক্যানবেরায় বাংলাদেশ চ্যান্সারি ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পটি আগামী ২০২৫ সালের মধ্যে সমাপ্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।

-----XXX-----

